সংবাদ

তারিখ ··· 2 6 AUG

# প্রকল্পের মেয়াদ শেষ হলেও কাজ করার অনুমতি দেয়নি সংশ্লিষ্ট মন্ত্রণালয়

# ৩৮ পলিটেকনিক ইনস্টিটিউটে অনিশ্চয়তা

**সামসুল ইসলাম টুকু, চাঁপাইনবাবগঞ্জ**

প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর ২ মাস অতিবাহিত হলেও দেশে বিদ্যমান ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটের আধুনিকীকরণ ও ১৮টি নতুন পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্পে কর্মরত জনবলকে কাজ করার অনুমতি দেয়নি সংশ্লিষ্ট মন্ত্রণালয়। অন্যদিকে অনিশ্চয়তা দেখা দিয়েছে উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানের শূন্যপদে জনবল নিয়োগের এবং কর্মরত জনবলের বেতনভাতাদি প্রাপ্তির ক্ষেত্রে।

ফলে কোটি কোটি টাকা ব্যয়ে নির্মিত বিশাল বিশাল পলিটেকনিক ইনস্টিটিউশনগুলো এবং এর জন্য সংগৃহীত আসবাবপত্র, যন্ত্রপাতি, বইপত্র, যানবাহন ইত্যাদির সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে কর্মোপযোগী দক্ষ জনবল সৃষ্টির সরকারের মহাপরিকল্পনার কাজে স্থবিরতা দেখা দিয়েছে। বর্তমানে এসব শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় ৯ হাজার শিক্ষার্থী অধ্যয়নরত।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বিদ্যমান ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটের আধুনিকীকরণ ও ১৮টি নতুন পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন শীর্ষক প্রকল্পটি গত ৩০ জুন শেষ হয়েছে। অনুমোদিত এ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ছিল ৩৬৫ কোটি ৭৫ লাখ ৩৬ হাজার টাকা। প্রকল্পের মূল লক্ষ্য ছিল বিদ্যমান ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটে আরও নতুন টেকনোলজি চালু করা এবং ১৮টি নতুন পলিটেকনিক ইনস্টিটিউটে স্থাপন করে সেখানে আরও ৪১টি নতুন টেকনোলজিতে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স চালুর মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি করা। যা দেশের বেকারত্ব হ্রাসে যেমন সাহায্য করবে তেমনি ওই দক্ষ ... বৈদেশিক মুদ্রা ও দেশের অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলবে।

ইতোমধ্যে এসব শিক্ষা প্রতিষ্ঠানের জন্য পূর্ত খাতে ১৭৫ কোটি ৪২ লাখ ৮২ হাজার টাকা, যন্ত্রপাতি সংগ্রহে ১০২ কোটি ৫৭ লাখ ২২ হাজার টাকা, আসবাবপত্র সংগ্রহে ১০ কোটি ৯৮ লাখ ২ হাজার টাকা, বইপত্র সংগ্রহে ১ কোটি ১৮ লাখ ৩৮ হাজার টাকা, জনবল খাতে ২৮ কোটি ৬৬ লাখ ১৫ হাজার টাকা ও যানবাহন ক্রয়ে ৪ কোটি ২৮ লাখ ৪০ হাজার টাকা ব্যয় করা হয়েছে। পাশাপাশি এসব শিক্ষা প্রতিষ্ঠানে ৪ হাজার ৯৭২ জন শিক্ষার্থী হাতে-কলমে বাস্তব জ্ঞান লাভ করে দক্ষ জনশক্তিতে রূপান্তরিত হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে। বর্তমানে প্রায় ৯ হাজার ছাত্রছাত্রী অধ্যায়ন করছে এবং চলতি বছরে আরও প্রায় ৪ হাজার ৯৭২ জন ছাত্রছাত্রী ভর্তি হওয়ার অপেক্ষায় রয়েছে। ফলে প্রকল্পের মাধ্যমে চালুকৃত কোর্সগুলো চালু রাখা, অধ্যায়নরত ৯ হাজার ছাত্রছাত্রীর লেখাপড়া বিঘ্নিত না করে অব্যাহত রাখার স্বার্থেই কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অতিক্রুত কাজ করার অনুমতি প্রদান জরুরি হয়ে পড়েছে। কারণ কর্মকর্তা-কর্মচারী শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রকল্প শেষ চাকরিও শেষ এমন নীতিই অনুসরণ করা হয়েছিল। প্রকল্পের মেয়াদ শেষে কর্মরত জনবলের হতাশা দেখাই স্বাভাবিক।

উল্লেখিত মোট ৩৮টি পলিটেকনিক ইনস্টিটিউটে প্রয়োজনীয় জনবল হচ্ছে ১ হাজার ৯৩২ জন। বর্তমানে কর্মরত রয়েছে ১ হাজার ৩৪৩ জন এবং শূন্য পদে রয়েছে ৫৮৯টি। উল্লেখিত শূন্য পদে জনবল নিয়োগসহ এসব শিক্ষক কর্মকর্তা-কর্মচারীদের চাকরির স্থায়িত্বের দাবিও